জাতীয় বিশ্ববিদ্যালয়

বাংলাদেশ

স্মারক নং-০৭(১৫৩৭)জাতীঃবিঃ/কঃপঃ/ ২৮০৯ তারিখঃ ২২/০৯/২০২৪

প্রজ্ঞাপন

বিষয়ঃ দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে অবহিতকরণ প্রসঙ্গে।

সূত্রঃ স্মারক-০৭(১৫৩৭)জাতীঃবিঃ/কঃপঃ/২৬৪৬, তারিখ ২৯/০৮/২০২৪

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজ/শিক্ষাপ্রতিষ্ঠান প্রধানদের জানানো যাচ্ছে যে, বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা (শিক্ষা ও আইসিটি শাখা) কর্তৃক জারিকৃত নির্দেশনা বাস্তবায়নের লক্ষ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত বেসরকারি কলেজ/শিক্ষাপ্রতিষ্ঠানসমূহের বিদ্যমান গভর্নিং বডি/এডহক কমিটি বাতিল করা হয় এবং কলেজ/শিক্ষাপ্রতিষ্ঠানসমূহের একাডেমিক ও প্রশাসনিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে অধিভুক্ত বেসরকারি কলেজ/শিক্ষাপ্রতিষ্ঠানসমূহকে বিধি মোতাবেক বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরম পূরণপূর্বক এডহক কমিটি গঠনের লক্ষ্যে সভাপতি এবং বিদ্যোৎসাহী সদস্যের ০৩(তিন) জন করে নামের প্রস্তাব প্রেরনের জন্য বলা হলে শিক্ষাপ্রতিষ্ঠানের প্রধান/শিক্ষক প্রতিনিধি, অফিস সহকারী বা সংশ্লিষ্ট অন্যান্য ব্যক্তিগন জাতীয় বিশ্ববিদ্যালয়ের কলেজ পরিদর্শক এবং অন্যান্য কর্মকর্তাদের দপ্তরে এসে ভিড় করছেন। এতে করে কলেজ পরিদর্শন দপ্তরের দাপ্তরিক কাজে ভীষণভাবে বিঘ্ন ঘটছে।

এমতাবস্থায় কলেজ পরিদর্শন দপ্তরের যাবতীয় কার্যাদি সরাসরি না এসে বা ফোনে যোগাযোগ না করে সংশ্লিষ্ট ই-মেইলের মাধ্যমে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের আদেশক্রমে-

মোঃ আব্দুল হাই সিদ্দিক সরকার
কলেজ পরিদর্শক (ভারপ্রাপ্ত)
জাতীয় বিশ্ববিদ্যালয়
মোবাইলঃ ০১৭১১-৫৬৩৪০০

ই-মেইলে: college.inspection@nu.ac.bd

বিতরণ: অধ্যক্ষ, সকল কলেজ/শিক্ষাপ্রতিষ্ঠান

স্মারক নং-০৭(১৫৩৭)জাতীঃবিঃ/কঃপঃ/ ২৮০৯ তারিখঃ ২২/০৯/২০২৪

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো। (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১। পরিচালক, তথ্য প্রযুক্তি (আইসিটি)দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় (পত্রটি বিশ্ববিদ্যালয় ওয়েবসাইট-এ) প্রকাশ ও অধিভুক্ত সংশ্লিষ্ট সকল বেসরকারী কলেজ/শিক্ষা প্রতিষ্ঠনে/গ্রুপ মেইলের মাধ্যমে প্রেরনের অনুরোধসহ)।
২। সচিব, ভাইস-চ্যান্সেলর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়।
৩। সহকারী-রেজিস্ট্রার, প্রো-ভাইস-চ্যান্সেলর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়।
৪। সহকারী রেজিস্ট্রার, রেজিস্ট্রার দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়।
৫। অফিস কপি।

কলেজ পরিদর্শক
জাতীয় বিশ্ববিদ্যালয়
বাংলাদেশ